প্রথম আলো

তারিখ 25 MAR 2017
পৃষ্ঠা: ... কলাম: ...

### এইচএসবিসি-আইবিএ বিজনেস কেস কম্পিটিশন

# আইবিএ চ্যাম্পিয়ন নর্থ সাউথ রানারআপ

নিজস্ব প্রতিবেদক

ব্যবসায়িক সমস্যা (কেস) সমাধানের প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ)। আর রানারআপ হয়েছে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়।

গতকাল রাজধানীর একটি হোটেলে হংকং অ্যান্ড সাংহাই ব্যাংকিং করপোরেশন (এইচএসবিসি) এবং আইবিএ যৌথভাবে এই প্রতিযোগিতার আয়োজন করে। গতকাল প্রতিযোগিতার 'গ্র্যান্ড ফিনালে' শেষে বিজয়ীদের হাতে এই পুরস্কার তুলে দেওয়া হয়। 'এইচএসবিসি-আইবিএ বিজনেস কেস কম্পিটিশন' নামের এই প্রতিযোগিতায় দেশের ২৩টি বিশ্ববিদ্যালয়ের ৪২টি দল অংশ নেয়। এর মধ্যে ছয়টি দল চূড়ান্ত পর্বে ওঠে। আইবিএর দুটি দলের মধ্যে এল প্যাট্রন চ্যাম্পিয়ন এবং ব্র্যান্ড এজ দলটি তৃতীয় স্থান অর্জন করে। আর নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের পাওয়ার মার্জ রানারআপ হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এমসিসিআই) সভাপতি নিহাদ কবির প্রতিযোগিতায় বিজয়ী দলসহ অংশগ্রহণকারী সব দলকে ধন্যবাদ জানান। তিনি বলেন, 'যে যেই বিষয়ের হোক না কেন, সেটা গুরুত্বপূর্ণ নয়, গুরুত্বপূর্ণ হলো দক্ষতা অর্জন। এ জন্য সবাইকে দক্ষতা অর্জন করতে হবে।'

এইচএসবিসি বাংলাদেশের প্রধান নির্বাহী ফ্রাঁসোয়া দো মারিকু এই ধরনের আয়োজনে তাঁর প্রতিষ্ঠানের সহায়তা অব্যাহত রাখার কথা উল্লেখ করে বলেন, এই ধরনের প্রতিযোগিতার মাধ্যমে মেধাবীদের খুঁজে বের করা সম্ভব। তাই এই ধরনের প্রতিযোগিতা খুবই গুরুত্বপূর্ণ।

আইবিএর পরিচালক অধ্যাপক এ কে এম সাইফুল মজিদ দেশসেরা মেধাবীদের যুক্ত করায় এইচএসবিসিকে তিনি ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে তাঁরা এ ধরনের আয়োজনে থাকবেন বলে আশা প্রকাশ করেন।

প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন দলকে ১ লাখ, দ্বিতীয় স্থান অধিকারী দলকে ৭৫ হাজার এবং তৃতীয় স্থান অধিকারী দলকে ৫০ হাজার টাকা তুলে দেওয়া হয়। এ ছাড়া অংশগ্রহণকারী সবাইকে সনদ তুলে দেন অতিথিরা। চ্যাম্পিয়ন দলটির হংকংয়ে আঞ্চলিক ফাইনালে যাওয়ার কথা রয়েছে।